# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-03-2025 Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) একই নম্বরের EPIC থাকলেই সেটিকে নকল বা ভুয়ো হিসেবে চিহ্নিত করা যায় না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে।

২) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অগ্নি সংযোগ ও ভাঙচুরের ঘটনায় ধৃত ছাত্রের ১২-ই মার্চ পর্যন্ত পুলিশ হেফাজত।

৩) এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অশান্তির প্রেক্ষিতে বামছাত্র ও যুব সংগঠনের বিশ্ববিদ্যালয়স্তরে ডাকা ধর্মঘটের প্রেক্ষিতে যাতে উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থীরা অসুবিধায় না পড়েন সেব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বস্ত করেছেন কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা।

৪) আজ পবিত্র রমজান মাসের প্রথম দিন।

৫) যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল , বেঙ্গালুরু এফ সি, র মুখোমুখি হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০

একই নম্বরের EPIC থাকলেই সেটিকে নকল বা ভুয়ো হিসেবে চিহ্নিত করা যায় না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। এসংক্রান্ত বেশকিছু মিডিয়া রিপোর্টের ভিত্তিতে এক বিজ্ঞপ্তিতে নির্বাচন কমিশন জানিয়েছে দুটি ভিন্ন রাজ্যের ভোটারদের EPIC নম্বর এক হতেই পারে। তার অর্থ সেই ভোটদাতা ভূয়ো এমন নয়। EPIC নম্বর অভিন্ন হলেও ভোটদাতার অন্যান্য তথ্য যেমন ব্যক্তিগত বিবরণ, বিধানসভা নির্বাচনী এলাকা, পোলিং বুথ – ইত্যাদি আলাদা হবে। ভোটদাতারা কেবল নিজের রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের নির্দিষ্ট নির্বাচনী কেন্দ্রে পোলিং স্টেশনেই ভোট দিতে পারবেন, অন্য কোথাও নয়।

কমিশন আরও জানিয়েছে, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকার ডাটাবেস ERONET প্ল্যাটফর্মে স্থানান্তর করার আগে, ভোটদাতাদের এপিক নম্বর বরাদ্দ সময় বিকেন্দ্রিকৃত ও ম্যানুয়াল পদ্ধতি অনুসরণ করার ফলেই এই ঘটনা ঘটে থাকতে পারে। বেশকিছু রাজ্য নির্বাচনী আধিকারিকের দফতর একই EPIC আলফানিউমেরিক সিরিজ ব্যবহার করার ফলে ভোটারদের অভিন্ন EPIC নম্বর হওয়ার সম্ভাবনা থেকে গেছে।

কমিশন সিদ্ধান্ত নিয়েছে, একইরকম EPIC নম্বর পাওয়ার গেলে একটি অভিন্ন নম্বর বরাদ্দ করে সেটি সংশোধন করা হবে। এই প্রক্রিয়ায় সহায়তা জন্য ERONET 2.0 প্ল্যাটফর্ম আপডেট করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অগ্নি সংযোগ ও ভাঙচুরের ঘটনায় ধৃত ওই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র মহম্মদ সাহিলকে আজ আলিপুর আদালতে তোলা হলে ১২-ই মার্চ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ে ওয়েবকুপার বার্ষিক সম্মেলনে যোগ দিতে গিয়ে, বামপন্থী ছাত্র সংগঠনের বিক্ষোভের মুখে পড়েন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে দফায় দফায় উত্তেজনা তৈরি হয় বিশ্ববিদ্যালয় চত্ত্বরে। শিক্ষামন্ত্রীর গাড়ি ভাঙচুর করা হয় বলে অভিযোগ। আহত হন ব্রাত্য বসুও ।

অন্যদিকে, বিক্ষোভকারীদের দাবি মন্ত্রীর গাড়ির ধাক্কায় আহত হয়েছে এক ছাত্র। গতরাতেই বিশ্ববিদ্যালয় চত্ত্বরে তৃণমূল সমর্থিত কর্মী সংগঠন শিক্ষাবন্ধুর অফিসে আচমকা আগুন লাগে। যাদবপুরের ঘটনায় পুলিশে মোট ৭-টি অভিযোগ দায়ের করা হয়েছে।

এস এফ আই এক বিবৃতিতে জানিয়েছে, বাম ছাত্র-ছাত্রীরা শিক্ষামন্ত্রীর কাছে ডেপুটেশন জমা দিতে গেলে শাসক দলের দুষ্কৃতিরা তাদের ওপর হামলা চালায়। এর প্রতিবাদে আগামীকাল বিশ্ববিদ্যালয়গুলিতে ধর্মঘটের ডাক দিয়েছে এসএফআই। বিভিন্ন জেলাতেও বামপন্থী ছাত্র-যুবরা আজ বিক্ষোভ দেখায়।

শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে এসএফআইয়ের বিক্ষোভ মিছিলকে কেন্দ্র বর্ধমানে ধুন্ধুমার বাঁধে। কার্জন গেট থেকে মিছিল করে পার্কাস রোড অবরোধ করেন তারা। পুলিশ তাদের বাধা দিলে, দু-পক্ষের ধস্তাধস্তি বাধে। এই ঘটনায় এসএফআইয়ের তিনজন আহত হয়েছেন বলে অভিযোগ। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বিশাল পুলিশবাহিনী ও RAF মোতায়েন করা হয়। পরে সাংবাদিকদের এসএফআই-এর জেলা সম্পাদক উষসী রায় চৌধুরী বলেন, মহিলা পুলিশ থাকা সত্ত্বেও পুরুষ পুলিশ কর্মীরা ছাত্রীদের টেনে হিঁচড়ে ভীড় থেকে বের করেছে। এই নিয়ে থানায় অভিযোগ জানাবেন তারা।

হাওড়ার উলুবেড়িয়া স্টেশন থেকে গরুহাটা মোড় পর্যন্ত বিক্ষোভ মিছিল ও পথ অবরোধ করে এসএফআই ও ডিওয়াইএফআই|

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনার প্রেক্ষিতে বাম ছাত্র সংগঠন-এসএফআই অবিলম্বে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে গ্রেপ্তারের দাবি জানিয়েছে। এসএফআই এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে গতকালের ঘটনাকে পূর্ব পরিকল্পিত বলে উল্লেখ করে জানান, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অশান্তি পাকানোর জন্যই যাদবপুরে গেছিলেন। রাজ্য জুড়ে আগামীকাল বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের যে ডাক দেওয়া হয়েছে তার কোনো প্রভাব উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের ওপর পড়বে না বলে তিনি জানান।

বাম ছাত্র সংগঠন-প্রগ্রেসিভ স্টুডেন্টস ইউনিয়ন-PSU অবিলম্বে শিক্ষা মন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছে। সংগঠনের রাজ্য সভাপতি হাবিবুর রহমান ও রাজ্য সম্পাদক কৌশিক ভৌমিক আজ

এক যৌথ বিবৃতিতে বলেছেন, আহত শিক্ষার্থীদের সর্বোৎকৃষ্ট চিকিৎসার ব্যবস্থা রাজ্য সরকারকে করতে হবে।

এদিকে, শিক্ষামন্ত্রী ও অন্যান্য অধ্যাপকের ওপর হামলার অভিযোগে শাসকদল সমর্থিত শিক্ষক সমিতি ওয়েবকুপার সদস্যরা আজ দুপুরে যাদবপুর এইট-বি বাসস্ট্যান্ডে প্রতিবাদ কর্মসূচী পালন করে
West Bengal Junior Doctors' Association-WBJDA আজ এক বিবৃতিতে যাদবপুরের ঘটনার তীব্র নিন্দা করে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তির দাবি জানিয়েছে।

oooooooooooooooooooooo

যাদবপুরে শিক্ষামন্ত্রীর গাড়ি ভাঙচুর এবং গতকালের গোলমাল পরিকল্পিতভাবেই ঘটানো হয়েছে বলে ব্রাত্য বসু অভিযোগ করেছেন। বে-সরকারী টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে আজ তিনি বলেন, এর বিরুদ্ধে রাজনৈতিকভাবেই লড়াই করা হবে। তার চালকের ওপর আক্রমণ হওয়ায় তিনি ভীত সন্ত্রস্ত হয়ে গাড়ি চালানোয় এক ছাত্র আহত হয়েছেন। এই ঘটনা কখনোই কাম্য নয়। ছাত্র সংসদ নির্বাচন করানোর ব্যাপারে মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর কথা হয়েছে। উচ্চ-মাধ্যমিক পরীক্ষার পর যাদবপুরের ঘটনা নিয়ে তৃণমূল কংগ্রেস প্রতিবাদ মিছিল সংগঠিত করবে বলে তিনি জানান।

oooooooooooooooooooooo

এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা আগামীকাল শুরু হচ্ছে। মোট পাঁচ লক্ষ ৯ হাজার পড়ুয়া এবছর পরীক্ষায় বসছেন। ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা ৪৭ হাজার ৬৭১ জন বেশি। পরীক্ষা শুরু হবে সকাল ১০’টায়। ২৩’টি জেলার মোট দু’হাজার ৮৯টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। ৫২৮ জন বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থী

রাইটার এবং অতিরিক্ত সময় নিয়ে পরীক্ষা দেবেন। এর জন্য পর্ষদের তরফে একটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। যার নম্বর ০৩৩-২৩৩৭০৭৯২।

এদিকে, রাজ্য পরিবহন দপ্তর তাদের সংশ্লিষ্ট রুটগুলিতে পরীক্ষার দিনে বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। WBTC-র পক্ষে ওই দিনগুলিতে দুটো শিফট- সকাল সাড়ে ৫'টা থেকে ১০'টা এবং দুপুর দেড়টা থেকে বিকেল ৫'টা পর্যন্ত বেশি পরিমাণ বাস পরিষেবা দেওয়া হবে। বাসের সামনে " EXAMINATION SPECIAL" লেখা বোর্ড লাগানো থাকবে। নেওয়া হবে স্বাভাবিক ভাড়াই। SBSTC এবং NBSTC'ও অতিরিক্ত বাস চালাবে।

একটি প্রতিবিদেন -

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অশান্তির প্রেক্ষিতে আগামীকাল বামছাত্র ও যুব সংগঠনের আন্দোলনের জেরে উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থীরা যাতে কোন অসুবিধা না পড়েন, সেব্যাপারে যাবতীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন, পুলিশ কমিশনার মনোজ ভার্মা। রাজ্যের এডিজি আইনশৃঙ্খলা জাভেদ শামিমকে সঙ্গে নিয়ে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, পরীক্ষার্থীরা সমস্যায় পড়লে ১০০ নম্বরে কল করে সাহায্য চাইতে পারে। প্রয়োজনে পরীক্ষার্থী ও অভিভাবকরা রাস্তার ধারে থাকা পুলিশ কিয়স্কে খবর দিতে পারবেন বলে শ্রী ভার্মা জানিয়েছেন।

(বাইট – ভার্মা)

উল্লেখ্য, কলকাতা পুলিশ উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থীদের সহায়তার জন্য একটি হেল্পলাইন নম্বর চালু করেছে। এটি হল – 9432610039।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ পবিত্র রমজান মাসের প্রথম দিন। সারাদেশের সাথে রাজ্যের ইসলাম ধর্মাবলম্বীরা আজ থেকে ৩০ দিন সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত নিরম্বু উপবাসের মধ্য দিয়ে রোজা পালন করবেন নিয়মিত।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – মামুন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শ্রীচৈতন্যদেবের ৫৩৯ তম আবির্ভাব তিথি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের অঙ্গ হিসাবে নদীয়ার মায়াপুরে আজ শুরু হয়েছে সপ্তাহব্যাপী নবদ্বীপ মন্ডল পরিক্রমা। এবারও নদিয়ার নবদ্বীপে শ্রীচৈতন্যদেবের স্মৃতি বিজড়িত জায়গাগুলিতে পায়ে হেঁটে পরিক্রমায় অংশ নিচ্ছে আট থেকে আশি সব বয়সের মানুষজন। দেশ-বিদেশের পুণ্যার্থীরা এখানকার মাটির স্পর্শ করে বিশেষ শান্তি লাভ করেন। সকালে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রধান কার্যালয় ইসকন থেকে পরিক্রমায় সাতটি দলে বিভক্ত হয়ে পুণ্যার্থীরা রওনা দেন। আজ দিনভর নবদ্বীপ মায়াপুরের রাস্তায় পরিত্রমা কারীদের মিছিল দেখা যায়। নবদ্বীপের বিভিন্ন দ্বীপগুলিতে দেখা যাচ্ছে শুধু মানুষের মাথা। নাম সংকীর্তন ,ভাগবত পাঠ ও দ্বীপের মাহাত্ম্য বর্ণনা করা হচ্ছে। ইসকনের জেনারেল ম্যানেজার কৃষ্ণ বিজয় দাস জানিয়েছেন বিশ্বের বিভিন্ন দেশ থেকে এবারও প্রায় ৫ হাজার বিদেশিমানুষজন পরিক্রমায় অংশ নিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে তৃণমূল কংগ্রেসকে পরাজিত করতে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে বলে বিজেপি নেতা, আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন। কলকাতায় আজ

বিবেকানন্দ সেবা সম্মান প্রদান অনুষ্ঠানে তিনি অভিযোগ করেন,অন্য দেশ বা ধর্মের মানুষ দেশের ইতিহাসকে বিকৃত এবং হিন্দু সমাজকে দুর্বল করেনি। বিরোধীদের নাম না করে তিনি বলেন, হিন্দু সমাজেরই কিছু মানুষ এই কাজ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল , বেঙ্গালুরু এফ সি, র মুখোমুখি হয়েছে । একটু আগে পাওয়া খবরে জানা গেছে ইস্টবেঙ্গল ১-০ গোলে এগিয়ে আছে। গোল করেছেন মেসি বৌলি।

ইস্টবেঙ্গল ২২ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার অষ্টম স্থানে আছে। চতুর্থ স্থানে থাকা বেঙ্গালুরুর সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ৩৭ ।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০